



ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর



স্মারক নং: হাবিপ্রবি/ছাপনিবি/৬৪২

তারিখ: ০৯-০৯-২০২১ খ্রী:

বিশ্ববিদ্যালয় দিবস ২০২১ উপলক্ষে শিক্ষার্থীদের অনলাইন কুইজে এ অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের অবগতি এবং অংশগ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১ সেপ্টেম্বর ২০২১ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৩ বছরে পর্দাপন করতে যাচ্ছে। উক্ত তারিখে ১৯৯৯ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন ও বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। উক্ত দিবসটি প্রতিবছরের ন্যায় এ বছরও যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ এর বিষয়টিকে বিবেচনায় নিয়ে দিবসটিকে ঘিরে শিক্ষার্থীদের জন্য ভার্চুয়াল মাধ্যমে নানাবিধি কর্মসূচী'র আয়োজন করা হয়েছে। এ কর্মসূচীর অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের অংশগ্রহণ আগামী ১১.০৯.২০২১ তারিখে সকাল ১১.৩০ টায় “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” শীর্ষক অনলাইন কুইজ অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে কুইজের লিংকটি যুক্ত করা হবে। অগ্রহী শিক্ষার্থীদেরকে ২৩ তম বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আয়োজিত উক্ত বিশেষ কুইজে অংশ গ্রহণ করার জন্য বলা হলো।

ধন্যবাদান্তে

০৯-০৯-২০২১ খ্রী:

(প্রফেসর ড. ইমরান পারভেজ)

সদস্য-সচিব, বিশ্ববিদ্যালয় দিবস উদ্যাপন কমিটি

এবং

পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ

হাবিপ্রবি, দিনাজপুর।